

# ক্ষমাশীলতা

অনলাইন সংবাদ মাধ্যম সূত্রে আমরা জানতে পারলাম যুদ্ধাপরাধের অভিযোগে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামী বিএনপি নেতা সালাহউদ্দিন কাদের চৌধুরী এবং জামায়াত নেতা আলী আহসান মোহাম্মদ মুজাহিদের ক্ষমার আবেদন মহামান্য রাষ্ট্রপতি নাকচ করেছেন। ফলে এই দুই ব্যক্তির মৃত্যুদণ্ড এখন শুধুমাএ সময়ের ব্যাপার। হতে পারে আজ রাতেই এই মৃত্যুদণ্ড কার্যকর হচ্ছে।

তবে আমরা মনে করি, মৃত্যুদণ্ডপ্রাপ্ত এই দুই ব্যক্তির জীবন বাঁচানোর সুযোগ এখনো রয়েছে। মহামান্য রাষ্ট্রপতি তাদের ক্ষমার আবেদন পুনর্বিবেচনা করতে পারেন, বিশেষ আদেশে তাদের মৃত্যুদণ্ড রহিত করতে পারেন অথবা অন্য কোন উপায়ে এই মৃত্যুদণ্ড পিছিয়ে দিতে পারেন।

আমরা আগেও বলেছি, এখনো বলছি, সমাজে ক্ষমাশীলতা প্রদর্শনের প্রয়োজনীয়তা রয়েছে এবং জাতীয় জীবনে ক্ষমাশীলতার চর্চা শুরু হতে হবে শীর্ষ পর্যায় থেকে। মৃত্যুদণ্ডের এই ঘটনাগুলির মাধ্যমে আমরা জাতীয় জীবনে ক্ষমাশীলতার যে সুযোগ লাভ করছি, তা আমাদের কাজে লাগানো উচিত। আমরা বিশ্বাস করি, জাতীয় জীবনে ক্ষমাশীলতার এই চর্চা বৃদ্ধি পেলে তা সামগ্রিক জীবনধারায় ইতিবাচক প্রভাব ফেলবে।

আমরা ক্ষমাশীলতার পক্ষে, মৃত্যুদণ্ডের বিপক্ষে।

আইডিয়াস ফর ডেভলপমেন্ট

নভেম্বর ২১, ২০১৫